

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯১৭

আগরতলা, ৪ জানুয়ারি, ২০২১

১৯ জানুয়ারি রাজ্যভিত্তিক ৪৩তম ককবরক দিবস

আগামী ১৯ জানুয়ারি রাজ্যভিত্তিক ৪৩তম ককবরক দিবস উদযাপন করা হবে। এই অনুষ্ঠানকে সফলভাবে উদযাপন করার লক্ষ্যে আজ রাজ্য কেন্দ্রীয় বীরচন্দ্র গ্রন্থাগারের কনফারেন্স হলে রাজ্যভিত্তিক ৪৩তম ককবরক দিবস উদযাপন উপদেষ্টা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী রতনলাল নাথ। সভাপতিত্ব করেন উপদেষ্টা কমিটির চেয়ারম্যান বিধায়ক ডা. অতুল দেববর্মা।

সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত হয় আগামী ১৯ জানুয়ারি সকাল সাড়ে ৭টায় উমাকান্ত ময়দানে ৪৩তম ককবরক সাল-২০২১ এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হবে। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন। তাছাড়া অনুষ্ঠানে উপস্থিত থাকবেন উপমুখ্যমন্ত্রী যীশু দেববর্মা, শিক্ষামন্ত্রী রতনলাল নাথ, রাজস্বমন্ত্রী এন সি দেববর্মা ও বনমন্ত্রী মেবার কুমার জমাতিয়া। উমাকান্ত ময়দানের অনুষ্ঠানে পরিবেশিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও ১৯টি ভাষার জনজাতিদের ঐতিহ্যবাহী পোশাকে বর্ণাঢ্য র্যালি। এই র্যালি উমাকান্ত ময়দান থেকে শুরু হয়ে টি আর টি সি, বিদুরকর্তা চৌমুহনী, রবীন্দ্রভবন, ওরিয়েন্ট চৌমুহনী এবং আর এম এস চৌমুহনী পরিক্রমণ করে উমাকান্ত ময়দানে এসে সমাপ্ত হবে।

রাজ্যভিত্তিক ৪৩তম ককবরক দিবস উদযাপন উপলক্ষে ১৯ জানুয়ারি বিকাল ৫টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১নং হলে অনুষ্ঠিত হবে সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এই অনুষ্ঠানে ককবরক সাহিত্যে বিশেষ অবদানের জন্য এবছর ককবরক সাহিত্যিক ড. বিজয় দেববর্মা কে রাধামোহন ঠাকুর পুরস্কার, ককবরক লেখক ধরীনজয় ত্রিপুরাকে অলিন্দ্র লাল ত্রিপুরা পুরস্কার, ককবরক সংস্কৃতির বিকাশে বিশেষ অবদানের জন্য সত্যরঞ্জন দেববর্মা কে মহেন্দ্র দেববর্মা মেমোরিয়াল ফর কালচার পুরস্কার, লোকশিল্পী কেশব ভারতী দেববর্মা কে ফোক মিউজিক পুরস্কার, বাদ্যযন্ত্র বাদক শুভজয় ত্রিপুরাকে ফোক মিউজিক পুরস্কার, আধুনিক সংগীত শিল্পী প্রভারাণী রূপিনী কে মর্ডান মিউজিক পুরস্কার এবং মার্শাল আর্ট চ্যাম্পিয়ান অমিত মুরাসিংকে ফিল্ড অব স্পোর্টস পুরস্কার দেওয়া হবে।
